

যশোর সরকারী কলেজের অধ্যক্ষের অপসারণ দাবী

যশোর অফিস ॥ রবিবার রাত্রে যশোর সরকারী মাইকেল মধুসূদন বিশ্ববিদ্যালয়ের কলেজে ব্যাপক ভাংচুর ও বোমাবাজির ঘটনার জন্য ছাত্রদল, ছাত্রলীগ, ছাত্র ইউনিয়নসহ বিভিন্ন ছাত্র সংগঠন কলেজের অধ্যক্ষের ব্যর্থতাকে দায়ী করিয়াছে। গত সোমবার ছাত্র সংগঠনসমূহের পক্ষ হইতে কলেজ ক্যাম্পাসে পৃথক পৃথক মিছিল বাহির করা হয়। মিছিলকারীরা কলেজের অধ্যক্ষের অফিস ঘেরাও করিয়া তাহার অপসারণের দাবীতে শ্লোগান দেয়। ছাত্র সংগঠনসমূহের নেতৃবৃন্দ অভিযোগ করেন যে, শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ যথাসময়ে এবারের এইচ এসসি পরীক্ষার ফলাফলের গেজেট কলেজের অধ্যক্ষের হাতে পৌঁছাইয়া দেন। কিন্তু তাহার গাফিলতির কারণে সংশ্লিষ্ট পরীক্ষার্থীরা দীর্ঘক্ষণ অপেক্ষায় থাকিয়াও ফল জানিতে ব্যর্থ হয়। এক পর্যায়ে তাহারা ক্ষুব্ধ হইয়া ভাংচুর ও বোমাবাজি করে। ইহাতে কলেজের লক্ষাধিক টাকার সম্পদ ক্ষতি হইয়াছে। নেতৃবৃন্দ বলেন, অধ্যক্ষের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ না করা হইলে অচিরেই আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হইবে।